গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৬.২৭.০০১.২০- ৬৩৮

তারিখ: ২০/০৫/২০২১ খ্রি.

**বিষয়: ৬ষ্ঠ থেকে ৯ম শ্রেণি পর্যন্ত স্থগিতকৃত এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ পুনরায় চালুকরণ ও চতুর্থ সপ্তাহের এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ প্রেরণ সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিক্ষার্থীকে শিক্ষা ব্যবস্থার সাথে সম্পৃক্ত রাখতে ২০২০ শিক্ষাবর্ষের ন্যায় ২০২১ শিক্ষাবর্ষের এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ নির্ধারণ করা হয়েছে। ইতোপূর্বে মাউশি'র স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৬.২৭.০০১.২০-৫৭৭; তারিখ: ০৪/০৪/২০২১ খ্রি. তারিখের জারীকৃত পত্রের মাধ্যমে স্থগিতকৃত এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ পুনরায় চালু করা হলো এবং মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের জন্য নির্ধারণকৃত **চতুর্থ সপ্তাহের এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ প্রেরণ করা হলো।**

এমতাবস্থায়, ৬ষ্ঠ থেকে ৯ম শ্রেণির **চতুর্থ সপ্তাহের এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ** সকল শিক্ষার্থীদের অবহিতসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সংযুক্ত: এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ (চতুর্থ সপ্তাহের জন্য)**

20.05.2021

**(প্রফেসর মোহাম্মদ বেলাল হোসাইন)**
পরিচালক (মাধ্যমিক)
ফোন: ৯৫৫৪৫৬৫

**বিতরণ:**

১। উপপরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল
২। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা
৩। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল উপজেলা/থানা
৪। অধ্যক্ষ/প্রধান শিক্ষক....................................

**অনুলিপি ও সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. সিনিয়র সিস্টেম এনালিষ্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
[এ্যাসাইনমেন্টটি মাউশি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
৩. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
৪. সংরক্ষণ নথি

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৬ষ্ঠ** **বিষয়: বিজ্ঞান**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-১ | **প্রথম অধ্যায়:**<br>বৈজ্ঞানিক প্রক্রিয়া ও পরিমাপ | পাঠ -১ :<br>বিজ্ঞান কী?<br>পাঠ ২৩- :<br>পরীক্ষণ<br>পাঠ -১ :<br>বিজ্ঞান কী?<br>পাঠ ৫-৪- :<br>পরিমাপের প্রয়োজনীয়তা<br>পাঠ -৬ :<br>মৌলিক ও যৌগিক একক<br>পাঠ -৭ :<br>ভরের একক<br>পাঠ -৮৯- :<br>দৈর্ঘ্য, ভর ও সময় পরিমাপ<br>পাঠ -১০ :<br>ক্ষেত্রফল ও তারপরিমাপ<br>পাঠ -১১ :<br>আয়তন ও তার পরিমাপ<br>পাঠ -১২ :<br>তরল পদার্থের আয়তন নির্ণয়<br>পাঠ -১২ :<br>তরল পদার্থের আয়তন নির্ণয় (তাপমাত্রার পরিমাপ) | তোমার পড়ার টেবিলের দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতা একটি স্কেলের সাহায্যে পরিমাপ করে খাতায় লিখ।<br><br>১. পড়ার টেবিলের পৃষ্ঠের ক্ষেত্রফল নির্ণয় কর।<br><br>২. এটি ঘরের কতটুকু জায়গা (আয়তন) দখল করেছে তা বের কর।<br><br>৩. পড়ার টেবিল যে আয়তনের জায়গা দখল করে সে আয়তনের একটি পাত্রে কত লিটার পানি ধরবে তা যৌক্তিক কারণসহ ব্যাখ্যা কর। | ১. শিক্ষার্থী সেন্টিমিটার স্কেলের সাহায্যে টেবিলের দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতা পরিমাপ করে পৃষ্ঠের ক্ষেত্রফল বের করবে<br><br>২. সূত্র উল্লেখপূর্বক দখলকৃত জায়গার পরিমাপ করবে<br><br>৩. প্রাপ্ত তথ্য থেকে তত্ত্ব ও সূত্র ব্যবহার করে সমআয়তনের পাত্রের পানির পরিমান নির্ণয় করবে | **অতি উত্তম:**<br>১. সঠিক ও ধারাবাহিক উপস্থাপন<br>২. তথ্য ও সূত্রের সঠিক ব্যবহার<br>৩. লক্ষ্যনীয়মাত্রায় সৃজনশীল উপস্থাপন<br><br>**উত্তম:**<br>১. সঠিক ও ধারাবাহিক উপস্থাপন<br>২. তথ্য ও সূত্রের সঠিক ব্যবহার<br>৩. উপস্থাপনে নিজস্বতা ও সৃজনশীলতা<br><br>**ভালো:**<br>১. সঠিক ও ধারাবাহিক উপস্থাপন<br>২. তথ্য ও সূত্র ব্যবহার আংশিক সঙ্গতিপূর্ণ<br>৩. লেখায় আংশিকমাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা<br><br>**অগ্রগতি প্রয়োজন:**<br>১. বিষয়বস্তু সঠিকতা ও ধারাবাহিকতার অভাব<br>২. তথ্য ও সূত্র প্রয়োগে ত্রুটি<br>৩. লেখায় নিজস্বতা ও সৃজনশীলতার অভাব |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৭ম**

**বিষয়: বিজ্ঞান**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-১ | **প্রথম** অধ্যায়: নিম্ন শ্রেনির জীব | পাঠ-১,২: অণুজীব জগৎ<br>পাঠ-১,২: অণুজীব জগৎ<br>পাঠ-৩, ৪ : ভাইরাস ও ব্যাকটেরিয়া<br>পাঠ-৫, ৬ : ছত্রাক, শৈবাল ও অ্যামিবা<br>পাঠ-১০: মানব দেহে অনুজীব সৃষ্ট স্বাস্থ্য ঝুঁকি প্রতিরোধ ও প্রতিকার<br>পাঠ-৮, ৯: স্বাস্থ্য ঝুঁকিতে সৃষ্টিতে অনুজীবের ভূমিকা<br>পাঠ-১০: মানব দেহে অনুজীব সৃষ্ট স্বাস্থ্য ঝুঁকি প্রতিরোধ ও প্রতিকার | ১। তোমার বাড়ীর দেওয়ালে অথবা আশে পাশের দেওয়ালে যে সাদা ও সবুজ রং কী কারনে হয় বলে তুমি মনে কর।<br><br>২। তোমার শরীরে হালকা জ্বর ও ডাইরিয়া কী কারনে হয় বলে তুমি মনে কর।<br><br>৩। স্বাস্থ্যসম্মত পায়খানা ও নিরাপদ পানি তোমার জীবনে কতটুকু গুরুত্ব বহন করে – যৌক্তিকতা নিরুপন করে ব্যাখ্যা কর। | ১। শৈবাল ও ছত্রাকের বৈশিষ্ট্য সম্পর্কে ধারণা নিতে হবে।<br><br>২। ভাইরাস ও ব্যাকটেরিয়ার বৈশিষ্ট্য সম্পর্কে ধারণা নিতে হবে।<br><br>৩। ভাইরাস , ব্যাকটেরিয়া ও এন্টামিবার কারনে সৃষ্ট রোগ সম্পর্কে জানতে হবে। | **অতি উত্তম:**<br>১। ৩টি প্রশ্নের উত্তর সঠিক ও ধারাবাহিকভাবে লেখা।<br>২। প্রশ্নের উত্তরে তথ্য, তত্ত্ব ও ধারণা পাঠ্যপুস্তকের সাথে সম্পূর্ণ সঙ্গতিপূর্ণ হলে।<br>৩। প্রশ্নের উত্তরে শিক্ষার্থীর নিজস্বতা ও সৃজনশীলতা থাকলে।<br>**উত্তম:**<br>১। ২টি প্রশ্নের উত্তর সঠিক ও ধারাবাহিকভাবে লেখা।<br>২। ২টি প্রশ্নের উত্তরে তথ্য, তত্ত্ব ও ধারণা পাঠ্যপুস্তকের সাথে সম্পূর্ণ সঙ্গতিপূর্ণ হলে।<br>৩। ২টি প্রশ্নের উত্তরে শিক্ষার্থীর নিজস্বতা ও সৃজনশীলতা থাকলে।<br>**ভাল:**<br>১। ৩টি প্রশ্নের উত্তর সঠিক থাকলে ও ধারাবাহিকতার অভাব থাকলে।<br>২। ৩টি প্রশ্নের উত্তরে তথ্য, তত্ত্ব ও ধারণা আংশিকভাবে সঙ্গতিপূর্ণ হলে।<br>৩। প্রশ্নের উত্তরে শিক্ষার্থীর সামান্যমাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা থাকলে।<br>**অগ্রগতি প্রয়োজন:**<br>১। ৩টি প্রশ্নের উত্তর সঠিকতা ও ধারাবাহিকতার অভাব থাকলে।<br>২। ৩টি প্রশ্নের উত্তরে তথ্য, তত্ত্ব ও ধারণার সঙ্গতির অভাব হলে।<br>৩। প্রশ্নের উত্তরে শিক্ষার্থীর নিজস্বতা ও সৃজনশীলতা না থাকলে। |